গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নং- ৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫(৫).১৮/ ৬৫০

তারিখঃ ২৫ /০৫/২০২১ খ্রিঃ।

**বিষয়ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১" বাস্তবায়নের লক্ষ্যে গাইড লাইন অনুমোদন।**

সূত্র ঃ প্রকল্প পরিচালকের ১৯/০৫/২০২১ খ্রিঃ তারিখের ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.৫৬০ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় সারাদেশের ৪৬৫টি উপজেলা সদরে "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১" বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত গাইডলাইন অনুমোদন করা হলো। এ বিষয়ে অনুমোদিত ডিপিপি এবং স্বাস্থ্য বিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

সংযুক্তিঃ
অনুমোদিত গাইডলাইন-৪পাতা।

২৫/০৫/২১
(ডাঃ শেখ আজিজুর রহমান)
মহাপরিচালক (সামায়িক দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২০/৫/২১

প্রাপক,

প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প।

D:\700 14.015 (LDDP- project) -.docx

# প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১

**প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প এর আওতায় প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১ বাস্তবায়ন সংক্রান্ত গাইড লাইন ঃ**

বিগত ০৪.১০.২০২০ ইং তারিখ প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিইসি) সভায় ফেব্রুয়ারী/২০২১ মাসের ২য় সপ্তাহের মধ্যে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১ বাস্তবায়নের সিদ্ধান্তগ্রহণ করা হয়েছিল। পরবর্তীতে ১লা এপ্রিল/২০২১ প্রাণিসম্পদ প্রদর্শনী আয়োজনের তারিখ চূড়ান্ত করা হলেও সারাদেশে কোভিড সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় তা স্থগিত করা হয়। উল্লিখিত সময়ে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১ বাস্তবায়ন সংক্রান্ত নিম্নবর্ণিত গাইড লাইন প্রণয়ন করা হয়। উল্লেখ্য যে, আগামী ৫ই জুন প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১ আয়োজনের জন্য পুনরায় তারিখ নির্ধারণ করা হয়েছে।

**প্রদর্শনীর লক্ষ্য :** প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সামগ্রিক লক্ষ্য হলো প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি, দুগ্ধজাত পণ্যের বাজার সৃষ্টি, ক্ষুদ্র খামারী ও উদ্দোক্তাদের প্রতিকূল পরিবেশ মোকাবেলার সক্ষমতা সৃষ্টি, জনসাধারণকে উন্নত জাতের পশু ও হাঁসমুরগী প্রদর্শন করা, বিজ্ঞান ভিত্তিক লালন-পালন কৌশল অবহিত করা, উন্নত জাতের পশু-পাখি পালনের আধুনিক ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান করা এবং সর্বোপরি, জনসাধারণের জন্য নিরাপদ প্রাণীজ আমিষ সরবরাহ নিশ্চিত করা।

**প্রদর্শনীর উদ্দেশ্য:** প্রাণিস্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্য সামনে রেখে সারাদেশের প্রান্তিক খামারীগণকে নগদ প্রণোদনাসহ বিভিন্ন ধরনের উপকরণ ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হচ্ছে। উক্ত কার্যক্রম প্রচার-প্রচারণা ও জনগণকে উদ্বুদ্ধকরণের জন্য প্রাণিসম্পদ প্রদর্শণীর আয়োজন উপযুক্ত মাধ্যম। প্রাণিসম্পদ অধিদপ্তরের চলমান কার্যক্রমের অন্যতম অঙ্গ হলো গবাদিপশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণীর জাত উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা। ইতোমধ্যে দেশে উল্লেখযোগ্য সংখ্যক অধিক উৎপাদনশীল গবাদিপশুর সংকরজাত সৃষ্টি হয়েছে। জনসাধারনকে প্রত্যক্ষ ভাবে প্রদর্শনের মাধ্যমে অধিক উৎপাদনশীল উন্নত জাতের পশু-পাখি উৎপাদন এবং পালনের মাধ্যমে লাভবান হওয়ার জন্য উৎসাহিত করা।

**ক) তারিখ ও স্থান নির্বাচনঃ**

- "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১" আগামী ৫ই জুন সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। প্রকল্পের পক্ষ হতে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মন্ত্রনালয়ের সাথে আলোচনার মাধ্যমে তারিখ ও সময় নির্ধারণ করা হবে।
- প্রাণিসম্পদ প্রদর্শণী প্রকল্প বাস্তবায়নাধীন উপজেলা সমূহে একদিনের জন্য অনুষ্ঠিত হবে।

- প্রদর্শণীর জন্য উপজেলা সদর অথবা অন্য কোন উপযুক্ত স্থান নির্বাচন করতে হবে, যেখানে অধিক জনসাধারনের চলাচল এবং প্রদর্শনযোগ্য প্রাণি বা সামগ্রী আনা-নেয়ার সুবিধা বিদ্যমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ প্রদর্শন কমিটি প্রদর্শণীর জন্য উপযুক্ত স্থান নির্বাচন করবেন।

**খ) প্রদর্শনযোগ্য প্রাণি ও প্রযুক্তিঃ** প্রাণিসম্পদ উন্নয়নের সাথে সম্পর্কিত প্রদর্শণযোগ্য বিভিন্ন প্রাণি, টিকা ও ঔষধ সামগ্রী, প্রাণিজাত পণ্য উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতি, মোড়কসহ প্রাণিজাত পণ্য বাজারজাতকরণ প্রযুক্তিসমূহ, যা উৎপাদনকারী, পণ্য বাজারজাতকারী এবং ভোক্তাসাধারণকে উৎসাহিত করবে।

- প্রদর্শনীতে এলাকা ভিত্তিক উন্নত জাতের গাভী, বাছুর, ষাড়, মহিষ, ছাগল, ভেড়া, মুরগী, হাঁস এবং প্রাণিসম্পদের বিভিন্ন প্রযুক্তি প্রদর্শন করা যেতে পারে।
- প্রাণি ও প্রযুক্তির সংমিশ্রণে কম-বেশী ৫০ টি ষ্টলের সংস্থান রাখতে হবে।

**গ) প্রচার-প্রচারণা ও প্রাণি নির্বাচনঃ**

- "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১" উপলক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করতে হবে। স্থানীয় পত্রিকা, মাইক, পোস্টার, লিফলেট ইত্যাদির মাধ্যমে জনসাধারণকে অংশগ্রহনের জন্য উৎসাহিত করতে হবে।
- খামার মালিকগণের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে প্রদর্শনযোগ্য প্রাণী বাছাইপূর্বক প্রদর্শনীতে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**ঘ) পুরস্কার প্রদানঃ**

- প্রত্যেক ক্যাটাগরীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার এবং সনদপত্র প্রদান করতে হবে। এছাড়াও সমগ্র প্রদর্শনীর জন্য ০১ টি বিশেষ পুরষ্কারের ব্যবস্থা করা যেতে পারে। অবশিষ্ট অংশগ্রহনকারীগনের জন্য সনদপত্র প্রদানের ব্যবস্থা রাখতে হবে। স্থানীয় পর্যায়ে প্রাণিসম্পদ প্রদর্শনী কমিটি পুরষ্কারের জন্য বিজয়ী নির্বাচন করবেন।
- প্রত্যেক ক্যাটাগরীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা চেকের মাধ্যমে প্রদান করতে হবে।

**ঙ) প্রাণিসম্পদ প্রদর্শনী বাস্তবায়ন কমিটি গঠনঃ** বিগত ০৪/১০/২০২০ তারিখে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত পিআইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১ বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় কমিটি নিম্নরুপভাবে গঠনের প্রস্তাব করা হয় :

১. উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা ------------------------ সভাপতি

২. উপজেলা কৃষি অফিসার/মনোনীত প্রতিনিধি, সংশ্লিষ্ট উপজেলা -------- সদস্য

৩. উপজেলা মৎস্য অফিসার, সংশ্লিষ্ট উপজেলা ------------------------- সদস্য

৪. ভেটেরিনারি সার্জন/প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা -- সদস্য

৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা/উপজেলা ------------------------- সদস্য

৬. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সংশ্লিষ্ট উপজেলা ------------ সদস্য

৭. উপজেলা প্রাণিসম্পদ অফিসার, সংশ্লিষ্ট উপজেলা ------------------- সদস্য সচিব

**কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।**

**চ) প্রাণিসম্পদ প্রদর্শনীর জন্য উপজেলাওয়ারী অর্থ বিভাজন দেখানো হলো।**

Cost Estimation for Livestock Exhibitions-(Taka in Lakh)

| Sl. No. | Description of Items | Unit | quantity | Unit cost | Total cost (Fig. in Lakh) |
|---|---|---|---|---|---|
| 1 | Banner | Nos | 2 | 1500 | 0.03 |
| 2 | Pandel, Stage, Chair, Triple, Fan, Sound System, Decoration and Stall for 50 cattle | | 1 | 69500 | 0.70 |
| 3 | Printing of Invitation Card | LS | 1 | 5,000 | 0.05 |
| 4 | Honorarium for Chief guest, Special Guest and Chair Person | | 3 | 3,000 | 0.09 |
| 5 | Snacks and lunch for Guest | Nos | 50 | 400 | 0.20 |
| 6 | Foods for others Person | Nos | 300 | 200 | 0.60 |
| 7 | Feed for Cattle | Nos | 50 | 200 | 0.10 |
| 8 | Vaccine & Medicine for cattle | Nos | 50 | 100 | 0.05 |
| 9 | Pots for Keeping Cattle feed and Water | Nos | 50 | 250 | 0.13 |
| 10 | Prizes | Nos | 3 | 10,000 | 0.30 |
| 11 | Truck hire for Transport for Shifting the Cattle | Nos | 2 | 10,000 | 0.20 |
| 12 | Public Announcing for Exhibition | LS | 1 | 5,000 | 0.05 |
| | **Sub- Total=** | | | | **2.49** |

যথাসময়ে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প হতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে অর্থ ছাড় করা হবে। খাত অনুযায়ী ব্যয় নির্বাহ করতঃ প্রতিবেদন প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

**ছ) অতিথি নির্বাচন:** প্রাণিসম্পদ প্রদর্শনী কমিটি প্রদর্শনীর উদ্বোধন ও সমাপ্তি অনুষ্ঠানের ব্যবস্থা রাখবেন। উক্ত কমিটির প্রতি স্থানীয় জনপ্রতিনিধি হিসাবে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/জাতীয় সংসদ সদস্য/ উপজেলা চেয়ারম্যান'গণকে প্রাধান্য দিয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন করার পরামর্শ থাকবে।

**জ) "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১" এর জন্য স্টলের পরিমাপ ও বিবরণ:** স্টলগুলো দৃষ্টিনন্দন করার জন্য সম্মুখ ভাগে কাপড়ের ঝালরসহ প্রতিটি স্টলের ক্রমিক নং থাকতে হবে। প্রাণির বিবরণ ও মালিকের তথ্য সম্বলিত সাইনবোর্ড টাংগানোর ব্যবস্থা রাখতে হবে। স্টলের আকার হবে : সম্মুখ- ৮ ফুট, সামনে পেছনে-১০ ফুট।

**ঝ) পুরস্কার প্রদানের জন্য বিচারক কমিটি:** "প্রাণিসম্পদ প্রদর্শণী/২০২১" এর উপজেলা কমিটি পুরস্কার প্রদানের জন্য বিজয়ী অংশগ্রহনকারী নির্বাচনের লক্ষ্যে ৩/৫ সদস্য বিশিষ্ট একটি বিচারক কমিটি গঠন করবেন।

**ঞ) পরামর্শ/অভিযোগ :** "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১" এ পরামর্শ/অভিযোগ গ্রহণের জন্য দৃশ্যমান স্থানে স্বচ্ছ কাঁচের তৈরি বাক্স স্থাপন করতে হবে।

**চ) প্রতিবেদন প্রেরণ:** "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১" এর উপজেলা কমিটি প্রদর্শনী শেষে প্রদর্শনীর কমপক্ষে ০৫টি রঙ্গিন ছবি, জনসাধারনের মাঝে প্রদর্শনীর প্রভাব (Impact Analysis) যাচাইয়ের লক্ষ্যে দর্শনার্থীদের জন্য মেলায় সংরক্ষিত মন্তব্য বইয়ের ফটোকপিসহ একটি প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।

১১/০৫/২০২১

Md. Abdur Rahim
Project Director (Joint Secretary)
Livestock and Dairy Development Project (LDDP)
Department of Livestock Services (DLS)

অনুমোদিত

ডাঃ শেখ আজিজুর রহমান
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা